

তারিখ 20 JUN 2008  
১২

## ২৩ দফা দাবিতে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের স্মারকলিপি

যায়ানি রিপোর্ট

বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ৫০ ভাগ  
মহার্থ ভাতাসহ ২৩ দফা দাবিতে গতকাল  
প্রশাসক কামাল উদ্দিনকে স্মারকলিপি  
দিয়েছে শিক্ষক-কর্মচারী, সংগ্রামী সমষ্টয়  
ষষ্ঠ্য পরিষদ। একই দাবিতে ২০ জুন প্রধান  
উপদেষ্টা বরাবর স্মারকলিপি দেয়া হবে।  
স্মারকলিপিতে ৫০ ভাগ মহার্থ ভাতা, ১০০  
টাকা বাড়ি ভাড়া ভাতার পরিষর্তে  
সহানজনক বাড়ি ভাড়া ভাতা, পূর্ণাঙ্গ ঈদ  
বোনাস, সরকারি নিয়মে মেডিকাল ভাতা,  
শিক্ষক-কর্মচারী শার্থবিরোধী জনবল  
কাঠামো বাতিল, অথবা শিক্ষক হয়রানি বঙ্গ,  
বেসরকারি শিক্ষক-কর্মচারীদের বদলিকরণ  
প্রথা চালু, ম্যানোজিং কমিটিতে শিক্ষিত  
লোকদের অভ্যুক্তির প্রস্তাবন জারিসহ ২৩টি

দাবি তুলে ধরা হয়।

জেলা প্রশাসকের কার্যালয়ে স্মারকলিপি  
দেয়ার সময় উপস্থিত ছিলেন পরিষদের প্রধান  
সময়সূচক ও বাংলাদেশ শিক্ষক সমিতির  
মহাসচিব মোঃ নজরুল ইসলাম রানি এবং  
বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় ভারপ্রাপ্ত  
সভাপতি খান মতিউর রহমান। আরো  
উপস্থিত ছিলেন অধ্যক্ষ খালেকুজ্জামান, মোঃ  
নুরুল ইসলাম, মোঃ মন্তুরুল আমিন শেখের,  
মোঃ বাছির উদ্দিন, মোঃ এনামেত হোসেন  
পারা, এম এ সালাম প্রযুক্ত।  
পরিষদের অন্য এক বিবৃতিতে অর্থ উপদেষ্টার  
মহার্থ ভাতা প্রদানের আগ্রামে ১৬ জুনের  
শিক্ষা প্রতিষ্ঠানে এক ঘটার 'কর্মবিবরণি'র  
কর্মসূচি প্রত্যাহার করার কথা জানানো  
হয়েছে।